সেদিনের মতো ফিরতে হলো। রাত্রে Cairo স্টেশন থেকে sleeper ট্রেনে চড়ে রওনা হলাম Aswan (দক্ষিন মিশর)। Aswan হলো দক্ষিন মিশর এর একটা বড় শহর। পরদিন সকাল ৭ টা নাগাদ ট্রেন পৌঁছলো Aswan এ। শহরের পাশ দিয়েই বয়ে চলেছে নীলনদ, যার উৎস Victoria Lake। নীলনদ-ই সম্ভবতঃ একমাত্র নদী, যার কথা ভূগোল বইয়ের চেয়ে ইতিহাস বইয়ে বেশি পাওয়া যায়। রহস্যে ঘেরা প্রাচীন মিশরের ইতিহাসে যে উপাদানগুলো সবচেয়ে জরুরি, তার একটা হলো নীলনদ। এ হেন নীলনদের বুকে চারদিন ধরে এগিয়ে চলা, ভাবতেই শিহরণ লাগছিলো। যাইহোক ডিসেম্বর মাসের ২৫ তারিখ পৌঁছোলাম Aswan শহরে শহর এবং তার আশপাশের সব দ্রষ্টব্য ঘুরেফিরে দেখে দুপুরে উঠলাম Cruise এ। বিশালাকৃতি এক যাত্রীবাহী জাহাজ। সব মিলিয়ে পাঁচতলা। পাড় থেকে ওঠার জন্য প্রশস্ত ramp, তারপর কাঁচের দরজা, metal detector পেরিয়ে lobby সহ reception। লাল-গালিচা পাতা মেঝে, দু-পাশে আরাম-দায়ক সোফা, অন্যদিকে ওপরে যাওয়ার চওড়া সিঁড়ি। সোনালী রঙের রেলিং, হাতল। Reception পেরিয়ে Restro-cum-Bar। সঙ্গে সঙ্গে এলো welcome drink - Rhododendron Syrup। দু-দিকে বড় জানলা দিয়ে দেখা যাচ্ছে নীলনদের বিস্তীর্ণ জলরাশি আর তাতে ভেসে বেড়ানো অজস্র সাদা পালতোলা মিশরীয় নৌকো "Felucca"। একটু পরে খবর এলো আমাদের জন্য বরাদ্দ হয়েছে ১০১ নম্বর সুইট। অলংকৃত করিডর ধরে এগোলাম। দু-পাশের দেয়ালে চমৎকার সব painting। পৌঁছোলাম নিজের ঘরে। বিছানায় শুয়ে, সোফায় বসে, গল্প করতে করতে নীলনদকে দেখা যায় - সারাদিন ধরে - হরেক রঙে - নানা চেহারায়।



Mediterranean seaside

স্নান সেরে গেলাম নীচের তলায়। সেখানে বিরাট রেস্তরাঁ। Soup থেকে dessert - কি নেই তাতে। এক এক বেলায় এক এক রকম বন্দোবস্ত। প্রত্যেক বেলায় নানা জায়গায় বেড়ানোর ব্যবস্থা থাকে।

প্রথম দিন বিকেলেই যেমন নৌকো করে যাওয়া হলো Nubian village। মিশরের প্রাচীন জনজাতি এই নুবিয়ান-রা। রংচঙে ছবি আঁকা মাটির বাড়িতে থাকেন। ভাষা, খাওয়া-দাওয়া, পোশাক, নাচ-গানে স্বতন্ত্র এই নুবিয়ান-রা। গাইডের সঙ্গে একজনের বাড়িতে ঢুকলাম। সমস্ত বাড়ির দেওয়ালে নানা ছবি আঁকা। তাঁদের তৈরী চা ও তাঁদের বাড়ির তৈরী বিস্কুট খেয়ে ভালোই লাগলো। খুবই আন্তরিক কথাবার্তা। সবচেয়ে আশ্চর্যের বিষয় নুবিয়ান-রা বাড়িতে কুমীরছানা পোষেন। বড় চৌবাচ্চার মধ্যে কুমীর রাখা আছে। ওঁদের কাছে কুমীর নাকি উন্নতির লক্ষণ। এক একটা ছানা লম্বায় অন্তত তিন ফুট হবে। আরো বড় হয়ে গেলে নীলনদে ছেড়ে দিয়ে আবার ছোট ছানা ধরে আনা হয় বললেন। কি অদ্ভুত বিশ্বাস ! কুমীর ওঁদের দেবতা। তারপর আমরা আবার Felucca চড়ে ধীরে ধীরে আমাদের জাহাজে ফিরে এলাম। সে রাতটা ছিল Christmas। জাহাজে খুব খাওয়া-দাওয়া নাচ-গান হলো।

তবে বেশি দেরি করা গেলো না। পরের দিন উঠতে হবে রাত সাড়ে তিনটে তে যেতে হবে Abu - Simbel এর উদ্দেশে। রাত থাকতে রওনা হলাম। যেতে যেতে ভোর হয়ে এলো। সাহারা মরুভূমির সূর্যোদয়ের যে অপার্থিব সৌন্দর্য তা লিখে প্রকাশ করা অসম্ভব।



Sunrise on Sahara Desert

বেলা বাড়তে লাগলো, হঠাৎ দেখি দূরে বালির পাহাড়ের নিচে মরীচিকা দেখা যাচ্ছে। এতদিন মরীচিকার কথা বইয়ে পড়েছি – চোখে দেখিনি - আজ দেখলাম। মনে হচ্ছে, জলে ভরা বড় হ্রদ। Abu - Simbel মন্দিরের সামনেই Lake Nasser। এই লেক পৃথিবীর মধ্যে বৃহত্তম artificial lake। মিশরের President Gamal Abdul Nasser এর নামে নামকরণ করা হয়েছে। এই President ই Aswan High Dam ও Lake তৈরী করেছেন।





Abu Simbel Temple

ফের ঘন্টা তিনেক মরুভূমি পার হয়ে Aswan শহরে ফেরা হলো - cruise ছাড়লো। নীলনদের জলে ভেসে চলতে চলতে দুপাশে চোখে পড়ে ছোট ছোট সবুজে ঘেরা গ্রাম, খেজুর গাছের সারি - আর দূরে তাকালে শুধু বালি। আমাদের জাহাজকে চারপাশ থেকে ঘিরে ফেলছিলো অসংখ্য ডিঙি নৌকো। তাদের জামা, শাল, চাদর ইত্যাদি নানারকম পশরা নিয়ে।

বিকেলে cruise পৌঁছোলো Kom Ombo নামে একটি ছোট্ট শহরে। মন্দির ঘিরে শহর। Greek Ptolemaic রাজবংশের আমলে এই মন্দির তৈরী হয়েছিল, পরে Roman রা যখন রাজত্ব করে তখন এই মন্দির আরো উন্নত হয়। এর বিভিন্ন ঘর, চত্বর, গর্ভগৃহ সবই একসঙ্গে দুই দেবতা Sobek এবং Haroeris এর উদ্দেশ্যে নিবেদিত। দুই মন্দিরের স্থাপত্য অসাধারণ। এছাড়া আছে কুমীর সংগ্রহশালা (Alligator museum)। প্রাচীন

মিশরীয়দের জীবনরেখা নীলনদ - চিরকালই কুমীর উপদ্রুত। তাই কুমীরকে এরা দেবতা বলে উপাসনা করত। মানুষের মতো কুমীরেরও Mummy বানাতো ।



At Kom Ombo



Alligator Museum, Kom Ombo

Cruise ছাড়লো । পরদিন ভোরে পৌঁছোলো Edfu শহরে। সেখানে নেমে ঘোড়ার গাড়িতে চড়ে চললাম মন্দিরে। এই মন্দিরও Greek দের আমলেই তৈরী, দেবতা Horus কে নিবেদিত। অনেকটা হেঁটে ঘোরা, ইতিহাসকে জানা । দুপুর হলো Esna শহরে। এখানে নীলনদের ওপরে একটা বিশাল Lock-gate আছে । এক এক করে cruise-ship সেখান দিয়ে পার হয় । এখানে পার হতে অনেকক্ষন সময় লাগে। কিভাবে Lock-gate কাজ করে, জলের স্তর ওঠানামা করে, সেই পুরো প্রক্রিয়াটা cruise এর ডেকে দাঁড়িয়ে দেখা যায়। পড়ন্ত বেলায় যখন cruise টা শেষ গন্তব্য Luxor শহরে পৌঁছোলো, তখন মনটা বেশ খারাপই লাগছিল। ওপরে উঠে শেষবারের মতো চারিদিকটা ঘুরে দেখে এলাম - মিশরের Nile Cruise এক অবিস্মরণীয় যাত্রা।

নামতে হলো জাহাজ থেকে । শেষ হলো সাহারা মরুভূমির পশ্চিম পাড়ের যাত্রা। এবার নীলনদের অপরদিকে সাহারা মরুভূমির পূর্বপাড়ে Luxor ।

Hetepheres ছিলেন প্রাচীন মিশরীয় সভ্যতার এক গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব। এবার আমরা ফিরে আসবো আধুনিক কালে। Khufu র Great Pyramid এর পেছনে ১৯২৫ সালে যে সুড়ঙ্গপথ আবিষ্কার হয়েছিল সেটা ছিল তাঁর মা Hetepheres এর আমলের। Valley of Kings এ Khufu র Pyramid এর কাছাকাছি অনুসন্ধান করতে গিয়ে বালির নীচে পাওয়া গিয়েছিলো এক বিশাল পাথরের ব্লক। ব্লক কেটে দেখা গেলো ভেতরে একটা সুড়ঙ্গ । পাথরের সিঁড়ি নেমে গেছে নিচে। স্তরে স্তরে পাথর চাপা পড়ে আছে । সেই পাথর সরিয়ে নিচে নেমে প্রায় ২০ মিটার যাওয়ার পরে পাওয়া গিয়েছে প্রায় পাঁচ হাজার বছর আগের লুকিয়ে থাকা ইতিহাস, বেশ কিছু Hieroglyph । তাতেই উঠে এসেছে একটা নাম Hetepheres - জানা গেছে তিনি Pharaoh Khufu-র মা। তাঁর স্বামী অল্পবয়সে মারা যাওয়ার পর তিনিই রাজ্যের হাল ধরেন । সোনা দিয়ে বাঁধানো এক বিশেষ চেয়ারে চারজন মানুষের কাঁধে চেপে ঘুরতেন তিনি । তাঁর সিংহাসন ছিল সোনায় মোড়া। Hetepheres হলেন প্রথম নারী Pharaoh । তখনকার মানুষ বিশ্বাস করতো যার Pyramid যত বড় সে তত মহান। এটাই ছিল তখনকার concept। সেই হিসাবে Hetepheres এর কোনো বিশাল স্মৃতিচিহ্ন নেই। প্রাচীন মিশরীয় সভ্যতার সবচেয়ে ক্ষমতাশালী নারী চরিত্র ছিলেন রানী "Hatshepsut" । Valley of Kings এর Pyramid of Giza র পাশেই রয়েছে মানুষের মুখের আদলে একটি সুবিশাল সৌধ, যাকে বলা হয় Sphinx । এর কোলের কাছে আছে একটি পাথরখণ্ড, যা মিশরের প্রত্নতত্ত্ব বিভাগ কোনোকারণে আড়াল করে রেখেছে । কথিত আছে Tuthmosis III কে এই দেবদূত Sphinx ভবিষ্যৎবানী করেছিলেন যে তিনি হবেন মিশরের এক মহান Pharaoh । Tuthmosis III এর সৎমা ছিলেন Hatshepsut ।

Valley of the Kings এর উল্টোদিকে Luxor । এখানে এসে প্রথমে নিজের চোখকে বিশ্বাস করা মুশকিল। এতো সুবিশাল মন্দির। পৃথিবীর সর্বকালের বৃহত্তম মন্দিরগুলোর মধ্যে একটি এখানে অবস্থিত - নাম Karnak। ভেতরে পাথরের তৈরী উঁচু column অন্ততপক্ষে ৪০ টি হবে। আরো এগিয়ে হলঘর, তারমধ্যে

অজস্র Papyrus । এই মন্দির তৈরির পেছনে অনেক Pharaoh এর অবদান আছে। এখানেই প্রথম খুঁজে পাওয়া যায় রানী Hatshepsut এর অস্তিত্ব।



Sphinx

Luxor এর এই মন্দিরে কিন্তু Pyramid এর মতো কোনো সমাধিস্থল নেই। এই Karnak মন্দিরের মাঝামাঝি দেখতে পাওয়া যায় ১০০ ফুট উচ্চতার বিশাল Obelisk বা স্তম্ভ, যা বানিয়েছিলেন রানী Hatshepsut । এই স্তম্ভগুলো ছিল আকাশ (heaven) এবং পৃথিবীর সংযোগস্থলের চিহ্ন। এর অস্তিত্ব প্রমান করে, এর সামনে দাঁড়িয়ে রানী যেন দেবতাদের সঙ্গে সরাসরি কথা বলতেন আর এই স্তম্ভগুলো ব্যবহৃত হতো এক ধরণের spiritual antennae হিসাবে। রানীর নির্দেশে তৎকালীন শিল্পীরা গড়ে তুলেছিলেন তাঁর দু-রকম অস্তিত্বের নিদর্শন। একটিতে Pharaoh হিসাবে তাঁর ছবিতে জুড়ে দিলেন নকল দাড়ি, যা একজন পুরুষের ক্ষমতার ইঙ্গিত করবে। অর্থাৎ তিনি পুরুষের চেয়ে কোনো অংশেই দুর্বল ছিলেন না। আবার অন্য ছবিতে দেবতার সামনে দাঁড়িয়ে প্রার্থনা করছেন রানী, যেখানে তিনি একজন নারী। এতো প্রভাবশালী হওয়া সত্ত্বেও তিনি কিন্তু ইতিহাসে সেরকম জায়গা পাননি।



Karnak Temple

এবার যাবো নীলনদের উল্টোদিকের বিশাল উপত্যকায় যাকে বলা হয় City of the dead। এখানে আছে রহস্যময়ী রানী Hatsepsut এর সময় তৈরী হওয়া আরো একটি নিদর্শন, যার নাম "Deir El-Bahri" ।



Deir El-Bahri

দেবতার কাছে মানুষের নিজেকে উৎসর্গ করার জায়গা। এই মন্দিরের সামনে আছে Pharaoh Hatsepsut এর মূর্তি। এই মূর্তির মুখ অবিকল এক নারীর। প্রাচীন মিশরীয় মৃত্যুর দেবতা Osiris এর মুখ অবলম্বনে। মন্দিরের দেওয়ালে খোদাই করা প্রচুর ছবি আজও অক্ষুন্ন রয়েছে। মন্দিরের সামনে বালির মধ্যে একটি গাছ রয়েছে। গাইডের কথা অনুযায়ী এই গাছটি Hatsepsut এর নিজের হাতে লাগানো।




Tree planted by Hatsepsut

Luxor দেখা শেষ করে সোজা পিচের রাস্তা ধরে বাসে Hurghada। অপূর্ব জায়গা - একেবারে লোহিত সাগরের (red sea) ধারে সুন্দর সাজানো শহর। Sea beach এর ওপরেই বড় বড় resort। আমরা beach এর ওপরে এরকমই একটা resort এ জিনিসপত্র রেখে old town "El Dahar" ঘুরে এলাম।



Red Sea beach

দুদিন সমুদ্রে স্নান, খুশিমতো খাওয়াদাওয়া, বিশ্রাম, resort এর অজস্র দোকানে ঘোরা, ইচ্ছেমতো কেনাকাটা করা গেলো। এতো পরিষ্কার নীল জল সমুদ্রের বোধহয় আমি আর কোথাও দেখিনি। দিন শেষ হয়ে গেলো। Hurghada থেকে সোজা বাসে করে Cairo - টানা প্রায় দশ ঘন্টা লাগলো। কিন্তু সময় বোঝা যায় না। সুন্দর রাস্তা আর পাশ দিয়ে বয়ে চলেছে red sea। Cairo গিয়ে পৌঁছতে সন্ধ্যে হয়ে গেলো। ওখানকার প্রধান shopping market "Khan El-Khalili" তে সামান্য কিছু কেনাকাটা করে ক্লান্ত শরীরে হোটেলে ফিরলাম।

পরদিন সকালে Cairo থেকে ফেরার পালা |
"মধুর তোমার শেষ যে না পাই, প্রহর হলো শেষ"

এতো সুন্দর দেশ, এতো দেখার জিনিস, সব লিখে শেষ করা যায় না।



**Colorful Eye**
*Rupsaa Goswami (Age-12)*



**Full Moon at San Ramon**
*Rupsaa Goswami (Age-12)*

Confidence in math. Confidence in life.

Now offering online instruction with MATHNASIUM @home




Changing Lives Through Math™

B.S.M.S.

*HOMEWORK HELP FOR ALL LEVELS*

**GRADES 1-12 • PRE-ALGEBRA • ALGEBRA 1 & 2 • GEOMETRY**
**PRE-CALCULUS & CALCULUS • SAT/ACT PREP**

# 1 WEEK FREE

**TUTORING & HOMEWORK HELP**

Must present coupon. New students only.

*Flat Monthly Fee.*

*Drop-in any time during regular hours, whenever it's convenient.*

MATHNASIUM®
The Math Learning Center

**We Make Math Make Sense**

2240 Camino Ramon, Ste. 120
(Between Crow Canyon Rd. & Norris Canyon Rd.)
**San Ramon**
**(925) 806-0600**

3435 Mt. Diablo Blvd.
(At Golden Gate Way)
**Lafayette**
**(925) 283-4200**

915 Main Street, Ste. D
(At Del Valle Parkway)
**Pleasanton**
**(925) 462-8411**

**www.mathnasium.com**

# স্মৃতি - The Memories

*Sharanya Roy (Age 11)*

It was the evening of "Dashami",
The handwoven carpets were folded,
The poles were being pulled out,
The tarp was being rolled,

And broken pieces of coconuts stuck to the felt.

Maa Durga stood in a corner,

Just thinking,

In a posture of quiet resolve,
Serene and peaceful,
Determined to spread hope
Throughout this mystifying world.

We had our lunch of khichdi and labra
We all had fake smiles on our faces,

Feeling disappointed,

Some wore distant, faraway, brooding expressions on their faces,
We all said, "No, we are too busy for the last veneration",
But we were filled with sorrow,

Those smiles,
Those memories,

Will not be back for another year.
We all went towards the pandel,
Slowly being dismantled,
We reflected on the last four days,

Delightful,
Auspicious,
Merry,
And Euphoric.

With a heavy heart and weary legs,
We all started to walk away,
Towards the horizon,

All I wished while walking was an extension,
An extension of this festival,
An extension for Puja,
Tears were on my cheek,

Yearning to never let this moment go,
As soon as I rubbed my cheek,
My wish was fulfilled,

Maa Durga was not on the pandal,

But in my heart,
Like always.

# Modern Love

*Monomit Bhowmick*

We're the victim of modern love.
Armed with the magic screen,
Refreshing, decoding pings and chatter
often floating in a sleepless stutter.

Reactions come and go.
Words are free.
Every click is an avenue to you.
Filters to make us evergreen and new.

We are masked assassins; we feel no fear.
Abundant hearts relentless smiles.
We're here, we're near.

Yet life feels shallow, life feels hollow.
But we never give up
We try with a thousand-follow.

In this modern world
Love feels strange.
Every beacon tells me it's you
Yet the soul is empty, heart so blue.

# Space Story

*Aryaman Majumder (Age 9)*

Have you ever seen a reusable rocket carrying humans to space and placing them into orbit perfectly? Two astronauts had the opportunity to get on board into Crew Dragon. It was a hot morning when the SpaceX rocket that was as high as a 21story tower was preparing for a launch. People were settling on the ground to watch the launch. Even President Donald Trump came to watch the launch. The astronauts Bob and Doug came suited and prepared for the mission to reach ISS (International Space Station). The crowd was cheering for the brave astronauts as they got on board the spacecraft. The time was flying, there was one more hour for the big rocket to launch. The rocket was launching from NASA in Florida at 12:22 pm pacific time. As time passed and the astronauts were ready, it was time for the count down.

The crowd went wild and shouted “10, 9, 8, 7, 6, 5, 4, 3, 2, 1, BLAST OFF!”

The engines turned on and fired into the blue sky. As the rocket soared and disappeared into the sky, people cheered. The first stage of the rocket disconnected after 2 minutes 30 seconds and came back to the launchpad. SpaceX will reuse the first stage rocket for another mission. The first stage rocket contains 9 Merlin engines and the second stage contains one **Merlin** engine. Then stage two carried Dragon into the ISS orbit. When the crew dragon finally reached space, the cameras took images of the earth from space and sent it to NASA.

The astronauts checked the geometry and it was right. The crew dragon docked. Everybody watched the camera that was connected to the rocket. The audience could see the whole view of the spacecraft and the planets. Everybody was cheering because it docked. The view from the rocket was a galaxy full of stars with planets.

Bob and Doug started talking to the astronauts who were there before and one of the astronauts needed to go to the bathroom. The astronaut floated to the bathroom but the toilet was broken. The astronaut needed to go quickly. All bathrooms were out of order and only the plumber of the space help center could help. The astronaut called the Space Help Center. The Space Help Center told the instructions to fix the toilet. Soon the astronaut fixed the toilet and went to the bathroom and came back to the rocket control room.

They started eating, talking and playing chess with the astronauts who were already there on the ISS. Bob and Doug settled in the main room and were doing their duties. They helped operate systems of the ISS. Bob loved taking space walks. Crew dragon also carried new batteries for the ISS. Bob replaced the old batteries of the ISS with the new batteries and completed his space walk. They stayed in the ISS for 2 months.

Now it was time to head back to Earth, the crew dragon was going to splash in the sea. The astronauts were brave and ready to splash in the water. The crew dragon disconnected by the robotic arm of the ISS.

The crew dragon sailed towards the earth’s atmosphere really fast. It sailed twenty times faster than speed. At this extreme stage the temperature of the surrounding air of the spacecraft exceeded 7000 degree centigrade. Finally, the rocket splashed into the water under parachutes in the Gulf of Mexico, Florida, like me diving into a pool. The SpaceX recovery ship took the astronauts safely on board to their ships. Everybody was cheering inside the ships.

The astronauts arrived at NASA, Houston with an airplane. They came out of the car. Everybody was standing around them and cheering as they entered the building. It was a fun day for the astronauts. They were taking pictures and were having a party with the whole team including Elon Musk.

# মেটামরফোসিস

*অভিজিৎ ভট্টাচার্য*

মনের চোখে উথাল পাথাল
সত্যিকথা - সত্যি কোথায়
হাজার রকম সত্যি মিশে
সাত সাগরে মন্থন হয়।

বৃষ্টি -কঠিন পরিস্থিতি
খরার শীতল আগল ভাঙা
দহন মুক্তি, হল -কর্ষণ
আনছে ফসল, জীবন চাঙ্গা।

ভয় ভাঙ্গানো ভয় কাটানো
পড়ছি শিখছি মন-কিতাবে
সাবধানতার শুরুটা হয়
ভয়ের পরে সবাস্তবে।

সাবধানতার বাস্তবেতে
ধন্ধ জাগায় সরল হৃদয়
বিশ্বাসের ওই বুনিয়াদে
পড়ছে কুঠার জীবন কাঁদায়।

জলের মতন স্বচ্ছ তরল
জীবনদায়ী কলুষ-হারী
ধূসর সবুজ নীল কালোতে
নানান রঙে ব্যভিচারী।

আগুন জ্বলে
বুকের মাঝে ধিকিধিকি
এক স্ফুলিঙ্গ
চালক-শক্তি আলোর রেখা,
অসূয়া-আগুন
অহংকারের অস্থিরতা,
মন জানে কি
অন্ধকার এর উৎস কোথা।

# "Little things mean a lot"

*Neetra Chakraborty (Age 13)*

The shrill shrieking of the alarm in the morn.
The sweet soft song sung by the first bird.
Those warm early morning showers
The comforting feel of my hoodie and jeans.
The world stirring awake at dawn
But now all of it's just gone.

Watching hills roll by on the way to school
Kids giggle and gossip in groups at the gates
Worksheets and books splayed across my desk
The chitter and chatter of my closest friends
A teacher's warm approving smile.
Sights and sounds I won't have for a while.

The wind through my hair while I ride my bike
Flipping through books at the library
Feeding crumbs to cooing pigeons at the park
Saying 'Hi' to known faces I pass
Walking through rainbow aisles at the store
Everyday pleasures that are no more.

I never thought I'd miss
These million little sounds and sights
To live through them all again
Would bring me such sheer delight.
Those tiny joys I never noticed
Those mundane everyday chores
There's nothing I wouldn't give
To relive it all once more.

Now that I stay at home all day,
I can tell you that it's true
You never realize what you have
Until it's taken away from you.
Maybe in these hard times,
We can hear a tiny voice say
There's so much value to be found
In the little moments of every day.

# Welcome Home

*Toshani Banerjee (13 Years)*

Finally, the day I'd been waiting for since my parents told me the news 9 months ago. It was the morning of April 7th, 2015. The air was warm and smelled like ginger tea. I awoke that day knowing it was special because a new member was going to be joining our family, and was waiting for us in the hospital. The sky was extra blue, with the sun gleaming through the windows like a flashlight. My grandparents were drinking their tea, waiting for me. Their eyes showed the excitement they had. I ate my food as fast as I could and was ready to go.

The previous night, my parents went to the hospital because my baby brother was on his way. I couldn't hold in my excitement any longer and kept jumping up and down. But I stopped midway, realizing that I would become a big sister in a few hours (I was 8 at the time). I wondered if he would look like me when I was a baby, or if he looked completely different. I thought about what I would do the day I get to meet my brother and if he had any hair. That night I did not get any sleep! I kept tossing and turning, too excited to even sleep.

The next thing I knew I was in the car, on my way to see my new baby brother. My dad gave my grandparents and me each a visitor's pass. I walked with a big smile on my face ready to see my mom. We walked in and the first thing I saw was a dark room with a little bit of lighting coming from the window. And right after that was my mom, and next to her my little brother in his hospital crib. As i walked slowly towards the crib everything else was zoned out. I peeked into the crib and saw him, sleeping peacefully. He had a little name tag on his wrist. I stared at him still not believing that he was actually there. Everything was quiet and it was just me and him. He had little to no hair, soft fingers which were little, and looked like the cutest thing I've ever seen.

My mind finally wandered back to the room. I gave my mom a warm hug. I was glad to see her and I told her everything about the night after they left.

My mom and dad asked me and my grandparents how we were doing. Sometimes I would see a nurse coming in to check my mom and brother. As time went by my brother started to wake up. One by one each of my family members held him and took a picture with him. When it was my turn, I was really nervous. After some time, I gathered up the courage and my grandma gave him to me so I could hold him. He looked very peaceful and was a little bundle of joy. My mom told me how fragile a newborn is and I definitely believed her. When I touched his head, it was soft like a pillow! I took my first ever picture with him and put him back in his basket. He fell asleep in a few minutes.

I stayed in the hospital until some of our family friends came to visit. They all brought colorful balloons and giant gifts. I could hear people say "He's so cute", "You are so lucky", and other things. All our friends asked how my mom was doing and started talking like they always do. My best friend took me to the corner of the room and told me about having a younger brother and tips on how to deal with them. But I told her he was only a few hours old. My brother started to wake up and all our friends went silent. They held him one by one in their arms. I showed my brother the balloons and he stared at them completely clueless. My mom finally got him back, and we first took a family picture and then a group photo. I met the nurses who helped my mom and thanked them. Then my grandparents and I went home (My mom and dad had to stay in the hospital with the baby for 2 more days). That night I felt wonderful and was in a joyful mood. From that day onward, I knew my life was about to change. And since then it definitely did 😊

# OTSi

*"VALUE BRINGS US IN, QUALITY BRINGS US BACK!"*

OTSI is specialized in Managed Services, Consulting and Professional Services. Helping Clients businesses thrive by providing the best IT Services through cost effective models.

## OUR CAPABILITIES

- DIGITAL TRANSFORMATION
- CLOUD
- BIG DATA & ANALYTICS
- MICROSOFT
- IOT & MOBILITY
- QA & AUTOMATION
- DEVOPS
- ENTERPRISE DWH

## WHY OTSI

| 1800+ | 88+ | 45+ | 15+ |
|---|---|---|---|
| Consultants working for fortune 1000 clients | Global Clients | OTSI IPs / Solutions | Partnership eco-system |

OBJECT TECHNOLOGY SOLUTIONS, INC.
USA | COSTA RICA | CANADA | INDIA | UAE | CHINA

For more information please visit/email us at
www.otsi-usa.com / sales@otsi-usa.com

# রবি

*প্রনবেশ দাস*

*সিঁড়ি দিয়ে নেমে চেয়ারে বসে রেডিওটা আরও একটু বাড়িয়ে দিয়ে কানের কাছে নিয়ে এলো রঘুনাথ।*

মাত্র তিন মাস হয়েছে রঘুনাথ এই নাইট সিকিউরিটি গার্ডের চাকরিটা নিয়েছে। তার বয়স এখন একষট্টি। এতো পাকা বয়েসে কেউ চাকরি দিতে চায়না। সত্যি কথা বলতে কি এই বয়েসে কেউ নতুন চাকরি নিতেও চায়না - বিশেষ করে সিকিউরিটি গার্ডের মতন শারীরিক ক্লেশের চাকরি তো নয়-ই। কিন্তু উপায় নেই। বাড়ির একমাত্র রোজগেরে সদস্য হলে বয়সের খেয়াল থাকেনা। এর আগে রঘুনাথ ছিল একটি হাসপাতালের সাফাই-কর্মী। শীর্ণ - জীর্ণ শরীরের রঘুনাথ বিশ্বাসের এই চাকরিটা হয়েও যায় তার কারণ বিজয়গড়ের "দিশারী" নামক একটি তিনতলা এপার্টমেন্ট বিলডিং-এ একজন সিকিউরিটি গার্ড থাকা সত্ত্বেও রাতারাতি আরেকজন গার্ডের দরকার পড়েছিল।

"আর কিছু না পারি, জোরে চেঁচিয়ে আপনাদের সতর্ক করে দিতে পারবো।" এরকমই বলে-কয়ে কোনো রকমে চাকরিটা পেয়েছিলো রঘুনাথ। এজেন্সি থেকে লোক আনতে সময় আর টাকা দুটোই বেশি লাগবে। তারওপর দিশারী এপার্টমেন্টস-এর অধিবাসীরা নতুন গার্ডের জন্য বাড়তি যতটা টাকা বেশি দিতে রাজি সেটা দিয়ে এজেন্সী থেকে গার্ড আনা যায়না। তাই নগদ টাকা দিয়ে বেশ কম মাইনেতেই তারা রঘুনাথ কে রেখে নেয় । এটাও কম ভাগ্যের কথা নয় যে রঘুনাথও এক কথায় কম মাইনে তে কাজ করতে রাজি হয়ে যায়। রাতের একজন গার্ড যে আগে থেকেই ছিল, সে বেশ জোয়ান শক্ত সবল চৌখশ লোক। তার নাম সুনীল। বয়স চৌতিরিশ-পঁয়তিরিশ হবে। রঘুনাথ আসায় তার ভালোই হলো। প্রথম রাতের ডিউটিতেই সে রঘুনাথকে বললো, "আপনি এলেন তবুও একজনকে পাওয়া গেলো, রাত জাগতে কোনো অসুবিধে হবেনা।"

তখন আগস্ট মাস, সারা কলকাতা জুড়ে দিনরাত বৃষ্টি হচ্ছে। সেরকমই একটা দুর্যোগের দিন মাঝরাতে হঠাৎ দি-শারীর বাসিন্দারা ভয়ানক কিছু শব্দ শুনতে পায়। বাইরে ধুম বৃষ্টি আর বাজ পড়ার শব্দ, কিন্তু তার সাথে থেকে থেকে যোগ হয় কার যেন হুঙ্কারের শব্দ। এর কারণ কেউ বুঝতে পারেনা। পরের দিন আবার একই শব্দ শুনে মাঝরাতে জেগে ওঠে সব ফ্ল্যাটের বাসিন্দারা। সব মিলিয়ে সাতটি পরিবার থাকে এই বিল্ডিং-এ। সবার বাড়িতেই একসাথে হুঙ্কারের শব্দ শোনা যেতে থাকে, বিশেষ করে বাড়ির অন্ধকার জায়গাগুলোতে - বাথরুম, রান্নাঘর ইত্যাদি। মাঝে মাঝে সেই হুঙ্কারের কিছু ভাঙা ভাঙা কথাও শোনা যায়। সব কথা যে বোঝা যায় তা নয় কিন্তু একটা কথা সবাই স্বীকার করেছে যে ওই কথাগুলোর মধ্যে "রবি" কথাটা তারা স্পষ্ট শুনেছে। আর সেটা শোনার পর থেকেই ওখানকার বাসিন্দাদের মধ্যে চরম আতঙ্কের সৃষ্টি হয়। এমনিতে ওখানে বাস করা প্রত্যেকটি পরিবারেই অন্ততঃ এমন একজন আছেই যে শুরুতে ভয় না পেয়ে প্রথম দু-দিন এইসব আওয়াজের কারণ খোঁজার চেষ্টা করেছিল। এদের মধ্যে রাজেন্দ্র পাল, শ্যামল পুরকায়স্থ, স্নেহলতা ভট্টাচার্য ও সুজয় গিরি-র সব চেয়ে বেশি উৎসাহ ছিল। কিন্তু তৃতীয় দিন তাদের কানে একটি খবর আসার পর তারা আর নিজেদের অনুসন্ধান আর এগোনোর সাহস পায়নি।

এই বিলডিং-এ একজন ইলেক্ট্রিশিয়ান কাজে আসতো। তার নাম ছিল রবি। এমনিতে শিক্ষিত ছেলে কিন্তু হাজার চেষ্টা করেও চাকরি জোটাতে পারেনি। তার প্রধান কারণ অবশ্য এই যে তার বাকশক্তি ছিলোনা। কথা বলতে না পারার সাথে সাথে সে ছিল অতিমাত্রায় লাজুক প্রকৃতির। তবে কাজ সে ভালোই করতো। চাকরি জোটাতে না পেরে সে যাই খুচরো কাজ পেতো, তাই করতো। ইদানিং বাজারে বেশ কিছু টাকা ধার বাকি পড়ায় তাকে নাকি করদাতারা বেশ জোর গলায় শাসিয়ে গেছে। খারাপ সময় সবাইকে পাল্টে দেয়।

এই দিশারী এপার্টমেন্টসের বাইরে রবি কতটা কি কাজ করতো সেটা সঠিক কেউ জানতোনা। সে এখানকার লোকজনদের থেকে বেশ কিছু টাকা ধার চায় কিন্তু কেউই তাকে ধার দিতে রাজি হয়না। দু-একজন বকাবকিও করে। শেষমেষ কতকটা বাধ্য হয়েই একদিন ভোররাতে সে বিল্ডিঙের স্টোররুম থেকে বেশ কিছু জিনিসপত্র যেমন পাইপ, ইলেকট্রিক কেবল, পুরোনো

সিলিন্ডার স্টোভ, কয়েকটা সুইচবোর্ড ইত্যাদি নিয়ে চুরি করে পালাতে গিয়ে ধরা পড়ে। স্নেহলতা ভট্টাচার্য খুব ভোরে ফুল জোগাড় করতে বেরোন আর ওঁর হাতেই রবি ধরা পড়ে। ব্রাহ্মমুহূর্তে উনি রবিকে গালমন্দ করে ঝাঁঝরা তো করেই দিলেন, ওই সময় সারা বিল্ডিং কে জাগিয়ে উনি আর রাজেন্দ্র বাবু তক্ষুনি রবির বিরুদ্ধে পুলিশে রিপোর্ট করতে বেরিয়ে পড়লেন।

থানায় ইন্সপেক্টর প্রণব আঢ্য অবশ্য একবার বলে ছিলেন যে বেচারি হয়তো অভাবে পড়ে এমন কাজ করেছে। তার ওপর শেষমেশ চুরি যখন কিছু হয়নি আর চোর যে কে সেটাও যখন অজানা নয়, তখন ডায়রি করে কি লাভ। "উপযুক্ত শাস্তি" থেকে রবি ফস্কে যাচ্ছে দেখে রাজেন্দ্র বাবু আর স্নেহলতা দেবী জুড়ে দেন যে রবি নাকি তাদের বিল্ডিঙের লোকজনকে ছুরি দেখিয়ে ভয় পাইয়ে টাকা আদায় করার চেষ্টা করেছে আর এর আগেও যখন রবি এর-ওর ঘরে ইলেকট্রিকাল মেরামতির কাজ করেছে তখনও নাকি বাড়ির শো-কেসের জিনিসপত্র খোয়া গেছে। সুতরাং এমন একজন চোরকে হাতেনাতে যখন ধরা গেছে, তখন তাকে ছেড়ে দেওয়া একদম উচিত নয়। প্রণব বাবু ডায়রি নিতে বাধ্য হলেন। সেদিনই রবির বাড়িতে কিছু পুলিশ কনস্টেবল যায় আর বাড়ি তছনছ করে চোরাই মাল বার করার চেষ্টা করে। তার সাথে রবির বাবা মাকে তাদের ছেলের চুরি-তোলাবাজির ব্যাপারেও ওয়াকিবহাল করে আসে। দুঃখে-কান্নায়-রাগে আর সর্বোপরি গলার স্বরের অভাবে রবি তাঁদের বোঝাতে পারেনা যে সে নির্দোষ। বেশির ভাগ অভিযোগ মিথ্যে হলেও তার মধ্যে সেই ভোররাতের একটি ঘটনা যে সত্যি সেটা রবি অস্বীকার করতে পারেনা। কেবল ওই একটি স্বীকারোক্তিতেই তাকে পুলিশ তাকে তুলে নিয়ে যায় আর কয়েক রাত জেলে আটকে রাখে। ফিরে এসে সে জানতে পারে যে তাকে স্বপনদা যেখানে যেখানে কাজে পাঠাতো, সব কাজ এখন অন্য কাউকে দিয়ে দিয়েছে। ছোটবেলা থেকে পড়াশোনায় ভালো থাকায় সে গরিব হয়েও অন্ততঃ নিজের বাবা-মার কাছে কখনো ছোট হয়নি। কিন্তু তার নামে চোর অপবাদ ছড়িয়ে যাবার পর সে যেন আকাশ থেকে পড়লো। এই ধাক্কা সহ্য করতে না পেরে রবি একদিন ফিনাইল খেয়ে নিজেকে শেষ করে দিলো।

রবির মৃত্যুসংবাদ দিশারী এপার্টমেন্টসে পৌঁছতে লাগলো তিন সপ্তাহ। সময়টা তার চেয়েও বেশি লাগতো যদি না রাতবিরেতে ওরকম ভয়ংকর কিছু শব্দের মধ্যে "রবি" কথাটা সবার কানে আসতো। ওটা শুনে প্রথম-প্রথম লোকজন "তদন্ত" করতে নামে এই সন্দেহে যে পুলিশে নালিশ করার বদলা নিতে হয়তো রবি তাঁদের এরকম ভয় দেখানোর চেষ্টা করছে। কিন্তু দুদিন খোঁজ খবর করে তৃতীয় দিন যখন সবাই জানতে পারে যে রবি তিন সপ্তাহ আগে আত্মহত্যা করেছে, তখন সবাই সত্যিই ভয়ে পায়ে। এমনকি সব কথায় হম্বি-তম্বি করা স্নেহলতা দেবীও চুপ করে যান। রাতের গার্ড সুনীল জানায় যে সে কাউকে বিল্ডিং-এর আসে পাশে দেখেনি। অবশ্য সে এও জানায় যে তার একলার পক্ষে একসাথে চারিধারে চোখ রাখা সম্ভব নয়। সে নিয়মিত রাস্তায় লাঠি পিটিয়ে টহল দিয়ে ঠিক-ই কিন্তু সে যখন সামনে থাকে, তখন পেছন দিকে কেউ আসে কিনা, বা সে যখন পেছনের দিকে টহল দেয়, কেউ সামনের দিকে আসে কিনা সেটা বলা মুশকিল। রাতের আওয়াজ আরও টানা দু-তিন দিন চলার পর সবাই মিলে ঠিক করে যে আরো একজন পাহারাদার দরকার। সবার মানসিক অবস্থা এমন জায়গায় এসে দাঁড়ায় যে প্রায় মরিয়া হয়েই একষট্টি বছরের রঘুনাথকে তারা রেখে নেয়। "আমরা বাড়িতে মাত্র দুটি প্রাণী - আমি আর আমার স্ত্রী। ছেলে বাইরে কাজ পেয়েছে তাই আমাদের থেকে দূরে থাকে। ওর সামান্য উপার্জন তাই মাসের শেষে বাড়িতে কিছু পাঠাতে পারেনা। আমাদের বুড়ো-বুড়ির খাওয়া-পড়ার মতন কিছু হাতে পেলেই হয়ে যাবে।" বিপদের সময়েও সুনীলের চেয়ে প্রায় অর্ধেক মাইনেতে রঘুনাথ কাজে রাজি হয়ে যাওয়ায় দিশারীর বাসিন্দারা যেন হাতে চাঁদ পায়।

রঘুনাথের ডিউটিতে বহাল হবার পরেও যে লোকজন নিজেদের বাড়িতে "রবি-রবি" আওয়াজটা শোনেনি তা নয়। কিন্তু সেটা হওয়া ক্রমেই কমে আসে। আস্তে আস্তে সেটা এসে দাঁড়ায় হপ্তা-দুহপ্তায় হয়তো একবার। আর সেটা শুনতে পারার কিছুক্ষনের মধ্যেই সবাই শুনেছে রাস্তায় লাঠি ঠোকার শব্দ। হুঙ্কারের শব্দ হলেই হয় সুনীল, না হয় রঘুনাথ একবার করে দুজনেই বিল্ডিং-এর চারিধার টহল দিয়ে আসতো। লাঠির আওয়াজের পরক্ষনেই সেই "রবি"-রবি" ডাকের শব্দ বন্ধ হয়ে যেত। এরকম করেই গণেশ পুজো, বিশ্বকর্মা পুজো কাটলো। অধিবাসীদের মধ্যে কয়েকজন বেশ ধার্মিক ও নিয়মিত প্রতি সপ্তাহে বড় করে পুজো-আর্চা করেন। উৎসবের মরশুম আসায় সবার মনেই একটা খুশি খুশি ভাব চলে এলো। কিন্তু সেই খুশির আবহাওয়ায় সারা কলকাতার

মনে ষোলো আনা নিখাদ আনন্দ থাকলেও এই সুজাতা রেসিডেন্সের লোকজনের মনে তার এক আনার মতন জায়গা নিয়ে ছিল - ভয়। সেই "রবি" ডাকের ভয় - যা এখনো মাঝে মাঝে শোনা যেত। একমাসের মধ্যে রঘুনাথের কথাতেই চাঁদা তুলে চারটি সি.সি.টি.ভি ক্যামেরা কেনা হলো। একটা নিচতলায় লাগানো হলো সিঁড়ির কাছে যেখানে রঘুনাথ আর সুনীল বসে। আর বাকি তিনটে প্রত্যেক ফ্লোরের কমন করিডোরে। ক্যামেরা লাগানোর পর শব্দ কমলেও, পুরোপুরি তার থেকে রেহাই পাওয়া যায়নি। অতএব ভয়ও যায়নি।

সেই ভয়ের বশবর্তী হয়েই হয়তো এই বছর দিশারীর সবাই মিলে কালী পুজো করবে ঠিক করলো। যেমন ভাবনা তেমন কাজ। পুজো খুব ভালো মতনই হলো। পুজোর শেষে তখন প্রায় রাত দেড়টা। তখনও রাজেন্দ্র বাবু, সুজয় বাবু, মিলন গুহ, প্রমোতোষ সরকার এরা সবাই মিলে মণ্ডপে বসে গল্প করছিলেন। সাথে সুনীল আর রঘুনাথ। কালী পুজো করার প্রস্তাবের পর এই প্রথম আবার "রবি"-ডাকের কথা তুললেন সুজয় বাবু।
"পুজোয় খুশি হলে, মা হয়তো এবার আমাদের ওই বিদঘুটে ডাক থেকে মুক্তি দেবেন।"
"যা বলেছেন।" বললেন মিলন গুহ। "আগের চেয়ে কম উৎপাত হলেও, এখনও ডাকটা কানে এলে পর সেই প্রথম রাতে মতোই পিলে চমকে ওঠে।"
"ওহ! সত্যি ওই রাস্কেল বোবাটা এমন শয়তান কে জানতো? ব্যাটা বিষ খেয়ে টপকে গিয়েও আমাদের পেছন ছাড়েনি? একবার হাতে পেলে, ওকে পিটিয়ে আরেকবার মেরে ফেলতাম।"

রাজেন্দ্র বাবুর ভাষা-জ্ঞানটা স্থান-কাল-পাত্রের ধার ধারেনা সেটা সবাই জানে। আবহাওয়াটা আবার একটু খুশি-খুশি করার জন্যই এবার বয়োজ্যেষ্ঠ প্রমোতোষ বাবু বললেন, "সে তুমি যাই বলো রাজেন্দ্র, রঘুনাথ আসার পর থেকে কিন্তু উৎপাতটা অনেক কম। বেচারি সুনীল আর কত দেখতো। ও-ও তো মানুষ নাকি। এখন যখন শব্দটা হয় তখন ভয় করে ঠিকই কিন্তু এটাও মানতে হবে যে তার পরেই যখন রাস্তায় লাঠির বাড়ির শব্দ পাই তখন মনে একটু হলেও স্বস্তি পাই যে এখনই শব্দ চলে যাবে।"
"তা একদম ঠিক" বললেন মিলন গুহ। "কি হে, রঘুনাথ চুপ করে আছো যে? কি ভাবছো?"
শেষ কথাটা মিলন বাবু রঘুনাথকে উদ্দেশ করে বললেন। প্রমোতোষ বাবুর কথায় সুনীল একটু গদগদ হয়ে উঠলেও, রঘুনাথ অন্য দিকে তাকিয়ে অন্যমনষ্ক হয়ে কি যেন ভাবছিলো। মিলন বাবুর কথায় একটু চমকে উঠলো সে। তারপর একটা হাসি এনে বললো, "না না, তেমন কিছুনা।" তারপর একটু থেমে রঘুনাথ সবার উদ্দেশেই বললো, "কিছু যদি মনে না করেন, তাহলে একটা প্রশ্ন করবো?" সবাই রঘুনাথের দিকে তাকালো। সে বললো, "এই যে রবি-রবি ডাকের কথা আপনারা বলেন, কিন্তু এই রবি ছেলেটা তো বোবা ছিল - সে ডাকবে কি করে? আর নিজের নাম ধরে নিজেই বা কেন ডাকবে? অন্য কেউ ওকে ডাকে না তো?"

প্রশ্ন শুনে রাজেন্দ্র বাবুই জবাব দিলেন, " আরে রাখো! ও ব্যাটা মরে ভূত হয়ে বকর-বকর করতে শিখে গেছে। আর নিজের নাম নিজেই বলে এখন আমাদের ভয় দেখিয়ে বেড়াচ্ছে।"
"কেন? আপনাদের ভয় দেখাবে কেন? আপনারা তো ওর কোনো ক্ষতি করেননি। ও তো নিজেই এখানে চুরি করতে এসেছিলো।"
রঘুনাথ এতো কথা জানে দেখে সবাই একটু অবাক হলো। সুনীল মাথা নিচু করে আছে দেখে প্রমোতোষ বাবুই সবার আগে বুঝলেন যে রাতে পাহারা দেওয়ার সময়ই কোনো একদিন সুনীল রঘুনাথকে এইসব বলেছে।

কয়েক সেকেন্ড চুপ থাকার পর আবার রাজেন্দ্র বাবু বেশ খেঁকিয়ে উঠেই বললেন, "যে চোর সে চোর। তা সে একবার চুরি করুক কি একশোবার। ওকে পুলিশে দিয়ে ভুল কি করেছি? সে একবার এখানে চুরির চেষ্টা করেছে। সে যে তারপরে আমাদের ঘরে ঘরে ঢুকে চুরি করতোনা সেটা কে বলতে পারে? সে যে আমাদের ভয় দেখিয়ে টাকা আদায়ে করতে যাবেনা তার কি গ্যারান্টি আছে। হি ওয়াজ এ ক্রিমিনাল। এ ক্রিমিনাল!!" বলতে বলতে রাজেন্দ্র পাল চেয়ার ছেড়ে উঠে পড়লেন। উনি রীতিমতো উত্তেজিত হয়ে পড়েছেন। উঠে দাঁড়িয়েও উনি জোরে জোরে বলে চললেন, "স্নেহলতাদি আর আমি সেদিন ভুল কিছু করিনি। কিন্তু তাই বলে আমাদের এমন ভোগান্তি হবে? রাতে ভালো ঘুম আসেনা, তারওপর অমন হাড় হিম করা ডাক, স্বপ্নেও যেন ওই ডাক শুনতে পাই ..." বলে রাজেন্দ্র বাবু ধপ করে আবার বসে পড়লেন। বাইরে থেকে রাগী মেজাজের রাজেন্দ্র বাবু কে দেখে বোঝার উপায়ে ছিলোনা যে উনি ভেতর ভেতর মানসিক অশান্তির মধ্যে রয়েছেন। রবির মৃত্যুর জন্য ওনার নিজেকে কিছুটা হলেও

দায়ী মনে হওয়া অস্বাভাবিক নয়। সবাই কিছুক্ষন চুপ করে রইলো।

কয়েক মিনিট পর সুজয় বাবু বললেন," রাত হলো, এবার উঠলে হয়না?"
সুজয় বাবুর কথায় সায় দিয়ে সবাই উঠে পড়লেন। উঠতে উঠতেই রঘুনাথ বললো, "ইয়ে বলছিলাম কি... আমার বউও আসলে কালী পুজো করে। আমি এখানে সন্ধেবেলা চলে আসি তাই একটু অলগ্নেই কোনো রকমে নমঃ- নমঃ করে পুজো সেরে আমার হাতে একটু প্রসাদ পাঠিয়ে দিয়েছে। কিন্তু ছোট করে হলেও আমার বৌয়ের পুজো মা খুব জাগ্রত মনে গ্রহণ করেন। এই মায়ের কৃপাতেই আপনাদের এখানে আমার চাকরিটা হলো, আমরা বুড়ো-বুড়ি দুজন ছেলের থেকে দূরে থেকেও এখনো কোনো ভাবে রয়েছি। মায়ের অশেষ কৃপা যে জীবনে বড় বড় অভাব হয়েও বেঁচে থাকার আশা এতদিন মা জুগিয়ে গেছেন। তাই বলছিলাম যে, আমি একটু পরে আপনাদের ঘরে ঘরে গিয়ে পুজোর প্রসাদ দিয়ে আসবো। মানে, তেমন কিছুই না, একটু মোটা চালের খিচুড়ি, সামান্য একটু নাড়ু আর মিশ্রী। একটাই শুধু ইয়ে... মানে... জাগ্রত মায়ের পুজোর প্রসাদ তো, তাই কালকের জন্য ফেলে রাখবেন না। আজকেই ঘুমোনোর আগে খেয়ে নেবেন। আপনাদের সমস্যার কথা মা কে জানিয়ে পুজো দিয়েছে আমার বৌ। মা খুশি হলে আপনাদের ওই ভয়ানক ডাক আর শুনতে হবেনা।"

রঘুনাথের কথা শুনে প্রমোতোষ বাবু, সুজয় বাবু, মিলন বাবু আর সব চেয়ে বেশি আশ্বস্ত হলেন এতক্ষন হাত দিয়ে মুখ ঢেকে বসে থাকা রাজেন্দ্র বাবু। মুখে হালকা হাসির রেশ নিয়ে সিঁড়ি দিয়ে উঠতে উঠতে উনি বললেন, "রঘুনাথ, তোমার জন্যই হয়তো এবার বেঁচে গেলাম।" রঘুনাথ কিছুক্ষন ওর দিকে চেয়ে কিছু না বলে নিজের জায়গায় ফিরে এলো।

সবাই চলে যাবার পর রঘুনাথ বড়-বড় পলিথিনের ব্যাগ বার করলো। ব্যাগে একের ওপর এক করে মোটা কাগজের নানান রঙের বাক্স। সব মিলিয়ে আটটা বাক্স। বাক্সগুলো একবার ভালো করে দেখে নিয়ে, তারপর একটা হলুদ রঙের বাক্স সুনীলের হাতে দিয়ে রঘুনাথ বললো, "সবার আগে মিশ্রী গুলো খেয়ো। ওটাই মায়ের পায়ে দিয়ে পুজো দেওয়া হয়েছিল। তারপর খিচুড়ি আর নাড়ু খেও।" আমি এই বাকিগুলো সবাই কে দিয়ে আসি।
"আমিও আসি না তোমার সাথে, এতগুলো বাক্স তুমি নিয়ে জেতে পারবেনা।"
"না না, তুমি বসো। আমি না আসা অব্দি এখানে বসেই খেয়ে নাও।"
এই বলে রঘুনাথ বাক্সগুলো নিয়ে সিঁড়ি দিয়ে ওপরে চলে গেলো। ওপরে গিয়ে সে দেখল যে রাজেন্দ্র বাবু ও সুজয় বাবু স্নেহলতা দেবীর ঘর থেকে প্রসন্ন মনে বেরোচ্ছেন আর স্নেহলতা দেবী নিজের ফ্ল্যাটের দোরগোড়ায় দাঁড়িয়ে। বোঝাই যাচ্ছে যে না চাইতেই রবির মৃত্যুর অপরাধবোধ আর অমন হাড় হিম করা ডাকের শব্দ থেকে মুক্তি পাবার একটি সম্ভাব্য উপায়ে যে পাওয়া গেছে সে খবর স্নেহলতা দেবী পেয়ে গেছেন। রঘুনাথ কে দেখে তাঁর হাসি আরেকটু স্পষ্ট হয়ে উঠলো। রঘুনাথ একটা লাল কাগজের বাক্স স্নেহলতা দেবীর হাতে দিয়ে বললো, "মিশ্রীটা মায়ের পায়ে ঠেকানো। তাই ওটা অন্ততঃ একমাত্র আপনি খাবেন। আপনি বাড়ির বড় গুরুজন কিনা তাই আপনার নামেই আপনার পুরো পরিবারের জন্য পুজো দেওয়া। প্রসাদটা বাসি না হতে দিয়ে এখন ঘুমোনোর আগেই খেয়ে নিন। আর আপনারাও তাই।" শেষ কথাটা বলে রঘুনাথ একটা সবুজ বাক্স সুজয় বাবুকে আর আরেকটা লাল বাক্স রাজেন্দ্র বাবু কে দিলো।
"আজকে এতো রাত অব্দি জেগে আছেন, কাল আর ভোর বেলা উঠে কাজ নেই। আরাম করে ঘুমোন। পুজোর জন্যও তো অনেক ধকল গেলো।" একতলা, দোতলা, তিনতোলার প্রত্যেকটা ঘরে একটা করে কাগজের বাক্স দিয়ে, সবাইকে একই কথা বলল রঘুনাথ। তারপর সিঁড়ি দিয়ে নেমে এসে চেয়ারে বসে রেডিওটা আরও একটু বাড়িয়ে দিয়ে কানের কাছে নিয়ে এলো।

রেডিওতে তেমন কোনো প্রোগ্রাম নেই। এবছরের কালী পুজোর রাতটা এমন হবে, সেটা কখনোই ভাবেনি রঘুনাথ বিশ্বাস। একটু পরে সুনীলের গলা শুনতে পেলো সে। "খিচুড়িটা কিন্তু খুব ভালো খেলাম, রঘুনাথদা। বৌদিকে বোলো যে বাড়িতে পুজোটুজো না করলেও, এরকম খিচুড়ি যদি করে, আমার জন্য যেন একটু পাঠিয়ে দেয়।" হাসতে হাসতে বললো সুনীল। "কিন্তু একটা জিনিস রঘুনাথদা। তুমি যে আমাকে কথা দিয়েছিলে যে এঁদের সামনে রবির কেসটা তুলবেনা। আজকে তুমি এটা কি করলে?"

রঘুনাথ হেসে বললো, "আমি কোথায় তুললাম, কথা তো নিজে থেকেই উঠলো। কতদিন আর এসব চাপা থাকে। একদিন না একদিন তো এটা হতেই হতো।"

সুনীল চুপ করে রইলো। রঘুনাথ বলে চললো, "আর খিচুড়ি, হাঃ হাঃ, সেটার আশায় আর থেকো না।"
রঘুনাথের শেষ কথাটা একটু অদ্ভুত লাগলো সুনীলের কিন্তু ওর কিছু বলতে যাওয়ার আগেই রঘুনাথ আবার বললো, "সুনীল, বলছি যে...আমাকে আজকে একটু তাড়াতাড়ি বাড়ি ফিরতে হবে। কাল খুব ভোরে আমি আর তোমার বৌদি একটু গঙ্গার ঘাটে যাবো - বাবুঘাটে। এখানে সকাল ৬টার সময় তোমার ডিউটি শেষ করে সঙ্গে সঙ্গে তুমি একটু আমার বাড়ি আসতে পারবে?"
"কেন বলো তো? কিছু দরকার ছিল?"
"দরকার তো আছেই, সেটা তুমি এলে বলবো। একদম দেরি কোরোনা কিন্তু। ব্যাপারটা খুবই জরুরি। এখান থেকে আমার বাড়ি পৌঁছতে তোমার লাগবে আধ ঘন্টা। তোমার পৌঁছতে পৌঁছতে আমরা ফিরে আসবো।"
"ঠিক আছে, যাবো। কিন্তু তোমার এতো রাতে যাওয়াটা নিরাপদ হবে?"
"অন্যদিন হলে হয়তো যেতামনা। আজতো কালীপুজো তাই রাস্তায় অনেক জায়গায় লাইট থাকবে। চিন্তা কোরোনা।"

এইটুকু বলে রঘুনাথ আর কিছু বললো না। আরও আধঘন্টা খানেক রেডিও শুনে সে উঠে পড়লো। ব্যাগ গুছিয়ে নিজের সাইকেলের দিকে এগিয়ে যেতে যেতে আরেকবার সুনীলকে বললো। ঠিক সাড়ে ছটা নাগাদ আমার বাড়ি পৌঁছে যেও। তারপর রঘুনাথ বেরিয়ে গেলো।

ভোর ছটায় সুনীলের ডিউটি শেষ হয়। হেমন্তকালে দিন ছোট তাই এখনও ভালো করে আলো ফোটেনি। সেই আবছা অন্ধকারেই সুনীল বেরিয়ে পড়লো রঘুনাথের মুকুন্দপুরের বাড়ির উদ্দ্যেশ্যে। তার নিজের সাইকেলে পৌঁছতে লাগলো পঁচিশ মিনিট। পৌঁছে সে কড়া নাড়তে গিয়ে দেখলো দরজা আগে থেকেই খোলা! দেখে বেশ অবাক লাগলো সুনীলের। বাইরে এখনো ভালো মতন আলো নেই আর পাড়া এখনো নিঝুম। এমন অবস্থায় কেউ দরজা খোলা রাখবে কেন?

দরজা ঠেলে ঘরে ঢুকতে গিয়েই সে যেন কিসে একটা বাধা পেলো। একটা টুল জাতীয় কিছু। অন্ধকারে সেটা সরিয়ে ঘরে ঢুকে এলো সুনীল কিন্তু কাউকে দেখতে পেলনা। দু একবার হাঁক দিলো সে রঘুনাথের নাম করে কিন্তু কোনো উত্তর পেলোনা। সাবধান পায়ে ভেতরে ঢুকতে থাকলো সুনীল। মোবাইলের আলোয় সুইচ খুঁজে পেয়ে আলো জালাল কিন্তু কাউকে দেখতে পেলোনা। এবার দ্রুত পায়ে এগিয়ে গিয়ে বসবার ঘর ছাড়িয়ে ভেতরের আরেকটা শোবার ঘর দেখলো, রান্নাঘর, বাথরুম সব দেখলো - কিন্তু রঘুনাথের দেখা পেলোনা। এবার সে তার নিজের মোবাইল থেকে রঘুনাথকে ফোন করলো কিন্তু সুইচড অফ পেলো। এসবের কোনো মানে করতে না পেরে, সে যখন আবার বাইরের ঘরে এলো তখন তার নজর পড়লো সেই টুলটার ওপর জেতাতে সে ঘরে ঢোকার সময় ধাক্কা খেয়েছিলো। ওটার ওপর একটা সাদা খাম রাখা। সেটা তুলে নিলো সুনীল। খামের ওপর তারই নাম লেখা তাই সেটা খুলতে কোনো দ্বিধা নেই। খাম খুলে ভেতর থেকে একটা দুপাতার চিঠি বেরোলো। তাতে লেখা:

*সুনীল,*
*বাড়িতে ঢুকে যাতে তুমি এই চিঠিটা অবশ্যই দেখতে পাও তাই এই টুলের ব্যবস্থা। আশা করি অন্ধকারে চোট পাওনি। বাড়ির দরজা খোলা পেয়ে আর আমাকে বাড়িতে না পেয়ে অবাক হয়োনা। তোমাকে এখানে বৃথা ডাকিনি। তোমার সাথে আমার ভীষণ জরুরি কাজ আছে। আজ তোমার ডিউটি শেষ হবার আগেই কোনো কিছু ঘটেছে কিনা জানিনা, কিন্তু এখন যদি তুমি আবার দিশারীতে ফিরে যাও তাহলে তুমি জানতে পারবে যে রাজেন্দ্র পাল আর স্নেহলতা ভট্টাচার্য গতকাল রাতে মারা গেছে। যদি পোষ্টমর্টেম হয়, তাহলে জানা যাবে যে তাঁদের মৃত্যু হয়েছে বিষ খেয়ে। ঠিক যেমন রবির মৃত্যু হয়েছিল। যদি আন্দাজ না করে থাকতে পারো তাহলে তোমায় জানিয়ে দি যে তুমি এখন রবির বাড়িতেই বসে আছো। আমি রবির হতভাগ্য বাবা। গার্ডের চাকরি নেওয়ার সময় বিল্ডিং-এর বাসিন্দারা আর তারপরে ডিউটির সময় তুমি আমার বাড়ীতে কে কে আছে জানতে চেয়েছিলে তখন আমি মিথ্যে বলিনি, শুধু সত্যটা গোপন করে গেছিলাম। আমার ছেলে সত্যি অনেক দূরে থাকে, এতই দূরে যেখান থেকে ফিরে আশা যায়না।*

*যাইহোক, সকাল সকাল তোমাকে এতদূর আসতে বলেছি তার সত্যিই একটা কারণ আছে। আমি চাই তোমার কাছে আমার স্বীকারোক্তি দিয়ে যেতে। রাজেন্দ্র পাল আর স্নেহলতা ভট্টাচার্য কে আমি সজ্ঞানে বিষ খাইয়েছি, যার জন্য তাদের মৃত্যু অনিবার্য। হ্যাঁ, তুমি ঠিকই ভাবছো, আমার দেওয়া গতকাল রাতের ওই প্রসাদেই আমি বিষ মিশিয়ে দিয়েছিলাম। ওরা আমার ছেলের অন্যায় রকম*

মৃত্যুর জন্য দায়ী, তাই আমি বাপ হয়ে তার প্রতিশোধ নিলাম। তোমায় শুরু থেকে সব বলি।

যে লোকটা রবিকে বিভিন্ন জায়গায় কাজে পাঠাতো, সেই স্বপনের কাছ থেকে আমি দিশারী এপার্টমেন্টের খবর পাই। রবির শ্রাদ্ধের পরের দিনই আমি সেটা দেখতে যাই তারপর যাই থানায়। ওখানকার ইন্সপেক্টর প্রণব আঢ্য আমায় রাজেন্দ্র পাল আর স্নেহলতা ভট্টাচার্যের নাম দেন যারা রবির নামে মিথ্যে রিপোর্ট দায়ের করে। এর কিছুদিন পরেই আমি দিশারীতে শুরু করি সেই ভয়ঙ্কর শব্দ। শব্দটি আর কিছুই না - আমারই গলায় রেকর্ড করা কিছু অমানুষিক হুঙ্কার। রবি ইলেক্ট্রিকালস নিয়ে কাজ করতো তাই বাড়িতে এমপ্লিফায়ার ছিল। পাড়ার দোকান থেকে সেই এমপ্লিফায়ারটা একটা পুরোনো ফোনের স্পিকারের সঙ্গে লাগিয়ে দি। ফোনের রিংটোন হিসেবে সেট করে দি ওই হুঙ্কার। এইবার স্রেফ একরাতে লুকিয়ে লুকিয়ে একটি ওয়াটারপ্রুফ প্লাস্টিকে এই মোবাইল আর এমপ্লিফায়ারটা ভালো করে মুড়ে সুজাতা রেসিডেন্সের জল বেরোবার মাইন্ পাইপের ভেতরের দিকে লাগিয়ে দিয়ে আসি। একাজের জন্য আমায় তোমার চোখ এড়াতে হতো। সে কাজ অবশ্য তুমি নিজেই আমার জন্য সহজ করে দিয়েছিলে। তুমি টহল দিতে বেরোলেই ডান্ডা দিয়ে রাস্তায় বাড়ি মারতে মারতে আসতে। সেই ডান্ডার আওয়াজই আমায় সাহায্য করে তোমার থেকে লুকিয়ে কাজটা করতে। একবার মোবাইলটা লাগিয়ে আসার পর এবার আমি যখনই ওই ফোনের নম্বরে রিং করতাম ওই শব্দটা জলের পাইপ হয়ে সারা বিলডিং-এর সব কটা ফ্ল্যাটে একসাথে শোনা যেত। ব্যাপারটা সামান্য মনে হলেও, শব্দের রিফ্লেকশন কিভাবে কাজ করে সেটা জানলে পর তুমি অবাক হয়ে যাবে।

আমার এই ফন্দি কাজে দেয়। মাঝরাতে বাথরুম, রান্নাঘর - অর্থাৎ যেখানে যেখানে সবার ফ্ল্যাটে জলের পাইপ শুরু হয় - সেই সব জায়গা অন্ধকার থাকে আর সেইসব ঘরগুলো ছোট হওয়ার দরুন সেখানে আওয়াজ ভালো ইকো হয় - আর ওরকম ইকো শুনে ভয় পাওয়া স্বাভাবিক। খুব বেশিদিন ধরে খোঁজা খুঁজি হলে বা হয়তো জলের ঝাপটাতেই পাইপের ভেতর থেকে মোবাইলটা বেরিয়ে আসতে পারতো। কিন্তু আমার ভাগ্য ভালো যে রবির মৃত্যুসংবাদটা খোঁজা খুঁজিতে একটা দাড়ি টেনে দিলো। এদের বিশ্বাস হয়ে গেলো যে রবিই নিজের মৃত্যুর পর ফিরে এসে এদের ভয় দেখাচ্ছে। এবার আমি সশরীরে পৌঁছলাম গার্ডের চাকরি নিতে। এতদিনে সুজাতা রেসিডেন্সের বাসিন্দারা মরিয়া হয়ে উঠেছে আরেকজন গার্ডের জন্য। তারওপর আমি হাফ মাইনেতে কাজ করতে রাজি হয়ে যাওয়ায় তারা আমায় লুফে নেয়ে। এবার আমার আর তোমার একসাথে টহল দেওয়ায় রবি-ডাকের উৎপাতটা একটু কম হয়। মাঝে মাঝে টহল দেওয়ার সময় ফোনটা পাইপ থেকে বার করে চার্জ দেওয়ার জন্য বাড়ি নিয়ে আসতাম, আবার পরের দিন সেটা টহল দিতে গিয়েই লাগিয়ে দিতাম। কিন্তু আমি চাইতাম না যে ওদের মন থেকে ভয়টা পুরোপুরি চলে যাক। তাই মাঝে মাঝে আমি শব্দটা করতাম আর তারপর নিজেই রাস্তায় ডান্ডা ঠুকে ঠুকতে শব্দ বন্ধ করে এঁদের মনে স্বস্তি ফেরাতাম। দিশারীর লোকেরা আমাদের দুজনের ডান্ডার শব্দটাকেই মনে মনে একটা আশ্বাসের প্রতীক হিসেবে কল্পনা করে ফেললে আশ্চর্য হবনা। এরা আমাদের ওপর বেশ ভরসা করতে শুরু করলো। তার প্রমাণ তুমি গতকাল মণ্ডপের কথাবার্তা মনে করলেই পেয়ে যাবে।

এরপর আমি খুঁজতে থাকলাম কি করে এদের রবির মৃত্যুর জন্য শাস্তি দেব। আমার ছেলের মৃত্যুর জন্য যেই দুজন সবচেয়ে বেশি দায়ী, তারা যে নিজেরাও মনে মনে শান্তি পাচ্ছেনা সেটা আমি বুঝেছিলাম যখন দেখলাম যে মানসিক শান্তির জন্য এরা প্রতি সপ্তাহে অন্তত: দুদিন করে নিজেদের বাড়িতে বড় করে পুজো-টুজো করতে শুরু করেছে। ঘন ঘন পুজো করা, কীর্তনের আওয়াজ, ধূপের ধোঁয়া এইসব দেখে আমি বুঝতে পারলাম এদের দুর্বলতা কোথায়। আর সেই থেকেই আমার মাথায় এলো যে আমি এদের কিভাবে শেষ করবো।

দিশারীতে কালীপুজো না হলেও আমি গতকাল রাতে ওরকম বাক্স বাক্স প্রসাদ সবাইকে দিয়ে আসতাম। তোমার বৌদি গতকাল সত্যি মা কালির পুজো দিয়েছিলো। সে মানত করেছিল যাতে আমি যেই কাজে হাত দিচ্ছি - এই শব্দ করা, আমার গার্ডের চাকরি পাওয়া, আমার সবার বিশ্বাস অর্জন করা আর সব শেষে আমার ছেলের অপরাধীদের শাস্তির উপায়ে খুঁজে পাওয়া - এইসবে যেন কোনো বাধা না আসে। মা কালী যে আমাদের প্রার্থনা শুনেছেন, সেই জন্যই শেষ কাজে যাওয়ার আগে মাকে আমরা গতকাল আবার পুজো দিয়েছিলাম। এবার আসি বিষের কথায়। ভয় পেয়ো না। খিচুড়িতে কোনো বিষ ছিলোনা। বিষ ছিল শুধু লাল বাক্সের মিষ্টী গুলোতে। ওরকম বাক্স শুধু দুটোই ছিল -

একটা রাজেন্দ্র পালের জন্য, অন্যটা স্নেহলতা ভট্টাচার্যের জন্য। বিষে আর কারুর যেন কোনো ক্ষতি না হয় তাই আমি কাল বার বার করে এদের দুজনকেই আর শুধু এদের দুজনকেই মিস্রিগুলো খেতে বলেছিলাম। ওই সব "বাসি করোনা", "জাগ্রত মায়ের পায়ে ঠেকানো প্রসাদ", "আপনারা পরিবারের গুরুজন" এইসব বলে। এখনোও সেই রবি-ডাকের শব্দে এদের যেরকম ভয় পেতে দেখি, আমার দৃঢ় বিশ্বাস, এরা আমার কথা ফেলেনি। আসলে লাল বাক্সের মিস্রীগুলোর মধ্যে কিছু ভীষণ মিহি করে গুঁড়ো করা কাঁচের টুকরো ছিল - খালি চোখে দেখলে সেগুলোকে মিস্রীর গুঁড়োই মনে হবে আর সেগুলো খেলেও শুধু কিছু স্বাধীন খড়িমাটির মতন ঠেকবে। আর শুধু ওই লাল বাক্সের মিস্রীগুলোতেই লাগানো ছিল বিষ: কার্লিক হেপটোজ। আমার চেনা একমাত্র বিষ যার স্বাদ মিষ্টি। এটা জোগাড় লাগাই আমার আগের চাকরির জায়গা থেকে - একজন বিশ্বস্ত বন্ধুর সাহায্যে। কাঁচের গুঁড়োয় মুখের ভেতরে সুক্ষ্ম ক্ষত তৈরী হয় আর কার্লিক হেপটোজ সেই সুক্ষ্ম ক্ষতর মধ্যে দিয়ে সোজা পৌঁছে যায় রক্তে। সঙ্গে সঙ্গে মৃত্যু এতে হয়না কিন্তু তিন-সাড়ে তিন ঘন্টার মধ্যে অবশ্যই হবে। রাত দুটোয় বিষ খেয়ে থাকলে, ভোর পাঁচটায় সব শেষ।

হয়তো এতক্ষনে বুঝতে পারছো যে আমি আর বাড়ি ফিরব না। আজ আমি আর তোমার বৌদি বাবুঘাটে রবির অস্থি বিসর্জন দিতে এসেছি। আজ হয়তো আমাদের রবি একটু শান্তি পাবে। আজ আমাদেরও পরম শান্তি। তবে তুমি চিন্তা করোনা, দিশারীর ঘটনায় তোমার কোনো ঝামেলায় জড়াতে হবেনা। সিসিটিভি ক্যামেরা দেখলে এটা স্পষ্ট যে রাজেন্দ্র বাবু আর স্নেহলতা দেবীর মৃত্যুর সময় তুমি নিচে বসে খিচুড়ি খাচ্ছিলে আর আমিই তাদের গিয়ে প্রসাদের বাক্স দিয়েছিলাম। তুমি চাইলে এই চিঠিখানাও পুলিশ কে দিয়ে দিতে পারো। যদিও তাতে কোনো ফল হবেনা। কিছুটা কার্লিক হেপটোজ আজ আমি সঙ্গে করেই এনেছি। এতক্ষনে দিশারীতেই নয়, বাবুঘাটেও দুটো মৃতদেহ পাওয়া হয়ে গেছে। পরবর্তী কালে কেউ যদি তোমায় জিজ্ঞেস করে যে দিশারীর ওই দুজনকে কে হত্যা করেছে, তাহলে বোলো - রবি করেছে। না না, তোমাকে দিয়ে মিথ্যে বলাতে চাইনা। আমার নামের আদ্যাক্ষরগুলো যোগ করলেও "রবি"-ই হয়।

ভালো থেকো,
ইতি আশীর্বাদক

রঘুনাথ বিশ্বাস





*Mousnita Palit (Age-19)*

# *নিউ নর্মালের 😍নতুন সাজ*

*কৃষ্ণা দাস*

মস্তকে শোভা পাচ্ছে
করোনামুকুট হেডশীল্ড
আলেকজান্ডার সেজে আজ
চলেছে মানুষ যেন ব্যাটলফিল্ড।
মাস্কে ঢাকা আজ মুখ
আলিবাবার ঐ মরজিনা লুক।
কেশেতে আচ্ছাদন ক্যাপ
পাল্টেগেছে দেখো ফেসম্যাপ।
জানো কি? হীরেমোতি সোনা
বসিয়ে মাস্ক করছে ভারতের
গুজরাটের ঐ শহর সুরাট।
ফ্যাশন দুরস্ত নারীর মনটি করতে ভরাট।

কমপ্যাক্ট সানস্ক্রীন সবই যে আজ অর্থহীন।
মাস্কের আড়ালে যে মুখের সিংহভাগই বিলীন
ড্রেসিংটেবিলের লিপস্টিক হাসছে যে ফিকফিক।
ল্যাকমী /মে বি লাইন /অ্যাভন /রেভলন
যদিও লাগাও😍 লাভ কি ভাই বলো!
তোমাকে আজ দেখবে কোনজন?
ভালোই বেশ🤔কুড়ি না বুড়ি
ঠাওরানো যে দায় তড়িঘড়ি।

তবে মেয়েরা অবশ্যই লাগাবে
আইলাইনার আর মাস্কারা
কিছুটা দিতেও পারে আস্কারা।
আংটি; বালা, হার, ঘড়ি মনেহয় বোঝা যে আজ।
স্যানিটাইজেশনের ঝামেলায়
দিতে হবে ওসব ছাড়ি।

ব্রান্ডেডপোশাক --কাচা কি যায় রোজ?
ওয়াশএন্ড ওয়্যার😀করো তারই খোঁজ
আলমারির ঐ শাড়ি ঠাসা
মজায় আছে বেশখাসা।
তসর, খেস, বাটিক, হ্যান্ডলুম
ভুলেছে মেয়েরা বেমালুম।
সিল্ক বেনারসী জামদানি
সবই আজ বাদের খাতায় ।
করো N-95 মাস্ক আমদানি।
আরো হতে হবে সাবধানী।

রোজ সাবান স্যানিটাইজার
যেন হেলথ অ্যাডভাইজার ।
বুস্ট করো ভাই ইমিউনিটি।
করোনা মুক্ত হবে কমিউনিটি।
কি দারুণ গেমপ্ল্যান বিধাতার!

জীবওজড়ের মাঝের খেলনা দিয়ে
দেখালেন আজব খেলাটি তার।
অহং, যশ, অর্থ সবইযে কুপোকাত।
দর্পচূর্ণ করে করলেন বাজিমাত।
অল্পেও কাটানো যায় যে জীবন।
শিক্ষাটি গেলো দিয়ে করোনা সংক্রমণ।

# The Day I Won A Chess Tournament

*Vikram Chakrabarty Snyder*

*Mmm.. these, these are good. No* awesome, I thought. I was eating breadsticks on our drive to chess class. Well, Jalepẽno breadsticks to be exact. As I reached for the third one, I realized that we were already at my chess class.

"Bye" I said to my mom, gulping some ranch dressing that went with the breadsticks.

"Hope you win today, Shona!" My mom exclaimed.

As I walked inside my chess class, I threw the ranch away.

Then, I listened to the chess lesson. *This is boring,* I thought. After the lesson was over I checked what place I was in. It was surprising. I was in eighth place. That is pretty good for only the third week of chess class. Finally, it was time for the AWESOME tournament game. When I looked at the chart which said who was playing, I immediately speed walked excitedly to table 6. Then, I saw a guy that won against somebody I could not beat myself.

*Uh-oh,* I thought. This is going to be a tough game.

"Are you Vikram?" He asked.

"Yes," I gulped.

"Are you Srinivasan?" I asked kind of confidently.

"Yes," Srinivasan replied.

With that, we shook hands and started the tournament game.

After the tournament ended, I was very happy because I won the tournament game. Then, I heard Srinivasan crying. So, I played a practice game against him. While we were playing the practice game, I told him about how long I had been in the same level, but that made him cry harder.

Eventually, he won the practice game, and I was happy that it made him stop crying.

Then, my dad picked me up.

*Aw come on* I thought, I wanted to play tag with the other kids at chess class. I wanted to stay back a bit longer.

"How did it go Shona?" he asked

"Good" I replied, "I played a little kid and won but, he started to cry. So, I played a practice game against him and he won and I was happy he won."

"Thank you for being nice to him," my dad said.

"You're welcome," I replied.



*Rishika Bhattacharya (Age 11)*



*Mousnita Palit (Age-19)*

# *With Best Compliments From*

we answer the call

GROUPWARE

TECHNOLOGY




**Infrastructure**

Achieve maximum efficiency, competitive advantages and optimal business outcomes

**Applications**

Enterprise solutions that enable the integrated and highly productive digital workplace

**Cloud**

Expand IT capabilities without compromise

**Collaboration**

Solutions to empower your business

**Security**

Protect your organization's valuable assets from today's threats

**Data**

Leverage data to identify new opportunities, reduce costs and make better decisions

Visit us at: https://www.groupwaretech.com/

## *Agomoni sincerely thanks*

# *Donors and Sponsors*

*for their generous contributions!*

**Trinamix**

**Nirmalya & Sumita Modak**

**OTSI-USA**

**Biryani Bowl**

**First Republic Bank**

**Samragnee Majumdar**

**Business Links**

**Suman Bhattacharya**

**Mathnasium**

**Admission Planner**

**Ranjit Chakravorti**

**Kris Padmanabhan**

**Primerica**

**Kamal Spices**

**Anirudhya & Sunrita Dasgupta**

**Soumitra Sarkar**

**Sanjoy Bhattacharya**

**Arindam & Debolina Mukherjee**

**Jayanthi Bhaskar Mutyala**

**Groupware**

**A big shout out to our dedicated *Agomoni* Team members!**

***President:*** *Shouvik Ray*
***Vice President:*** *Suman Pain*
***Secretary:*** *Tania Bhattacharya*
***Treasurer:*** *Bijoy Sarkar*
***Board Members at large:*** *Sanjay Bhattacharya, Kaberi Goswami, Arindam Chakraborty*

***Pujo***
*Sanjoy Bhattacharjee*
*Anindita Chakraborty*
*Anindita Mitra*
*Baishakhi Bhattacharjee*
*Gopa Banerjee*
*Jaya Mitra*
*Rupa Das*
*Sauravi Mazumder*
*Saswati Dutta (Lead)*

***Decoration***
*Arindam Mukherjee*
*Shouvik Ray*
*Rajib Bhakat*
*Arup Dutta*
*Ujjal Banerjee*
*Manoj Chavan*
*Ambarish Bagchi*
*Shankar Chanda*
*Saswati Dutta*
*Upal Mandal (Lead)*

***Food***
*Arindam Chakraborty*
*Suman Pain*
*Debasish Chakraborty*
*Ambarish Bagchi*
*Upal Mandal*
*Rajib Bhakat (Lead)*

***Fund Raising***
*Sourav Saha*
*Kaberi Goswami*
*Sushanta Chakrabarty*
*Manas Goswami (Lead)*

***PR***
*Debannita Datta*
*Shrabana Ghosh*
*Bitan Biswas*
*Tania Bhattacharya*
*Sohini Chaudhuri (Lead)*

***Membership***
*Mausumi Bhattacharya*
*Meeta Roy*
*Shrabanti Mandal*
*Somdatta Maitra*
*Shubhra Ray*
*Arundhati Banerjee*
*Sanjoy Bhattacharya*
*Pathikrit Dutta (Lead)*

***Website/IT***
*Bijoy Sarkar*
*Arup Dutta*
*Arindam Mukherjee (Lead)*

***Philanthropy***
*Subhasis Banerjee*
*Arup Dutta*
*Sourav Saha*
*Manas Goswami*
*Kaberi Goswami*
*Sayantika Banerjee (Lead)*

***Cultural***
*Shouvik Ray*
*Pragya Dasgupta*
*Sushanta Chakraborty*
*Shubhra Ray*
*Shoumya Roy*
*Manasi Chattopadhyay*
*Sahana Banerjee*
*Sayantika Banerjee*
*Meeta Roy*
*Saumita Chattopadhyay (Lead)*

***Facility***
*Ambarish Bagchi*
*Avishek Ghosh Chowdhury*
*Anirban Sain*
*Bitan Biswas*
*Mausumi Biswas*
*Sobhan Das*
*Ujjal Banerjee*
*Bijoy Sarkar*
*Suman Pain*
*Sudeep Banerjee*
*Manoj Chavan*
*Sankar Chanda (Lead)*